

ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত কার্যক্রমের ধাপসমূহ

প্রথম ধাপ

প্রস্তাবকারী মন্ত্রণালয়/বিভাগ ক্রোড়পত্র প্রকাশের কমপক্ষে ৫(পাঁচ) কর্ম দিন পূর্বে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে (প্রেস-১ শাখা ফোন-৫৫১০০৪৬২, ই-মেইল-press1@moi.gov.bd) প্রস্তাব প্রেরণ করতে হবে। প্রস্তাবের সাথে নিম্নবর্ণিত তথ্যাদি প্রেরণ করতে হবে:

- ১। ক্রোড়পত্রের কনটেন্ট/ডিজাইন হার্ড কপি ও সফট কপিসহ
- ২। কতটি পত্রিকায় প্রকাশ করা হবে, সাদা-কালো না রঙিন, ১ পৃষ্ঠা না ২ পৃষ্ঠা তা বিস্তারিত উল্লেখ করতে হবে।
- ৩। কোন খাত হতে ব্যয় নির্বাহ করা হবে তা উল্লেখ করতে হবে
- ৪। জরুরী যোগাযোগের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম, মোবাইল নম্বর ও ই-মেইল উল্লেখ করতে হবে।

দ্বিতীয় ধাপ



তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তির পর তথ্য অধিদফতর (পিআইডি), ভবন-৯, ৩য় তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা কনটেন্ট/ডিজাইন পরীক্ষা করে ডিএফপিতে প্রেরণ করবে (প্রস্তাবকারী মন্ত্রণালয়ের প্রতিনিধি প্রয়োজনে প্রধান তথ্য অফিসার, পিআইডি, ফোন-৫৫১০০৮১১ এর সাথে যোগাযোগ করতে পারবেন)।

তৃতীয় ধাপ



তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমোদন এবং প্রধান তথ্য অফিসার, পিআইডি কর্তৃক প্রত্যয়নকৃত কনটেন্ট প্রাপ্তির পর মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি), তথ্য ভবন, ১১২, সার্কিট হাউস রোড, ঢাকা সংশ্লিষ্ট পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের কার্যক্রম সম্পন্ন করবেন (প্রস্তাবকারী মন্ত্রণালয়ের প্রতিনিধি প্রয়োজনে মহাপরিচালক, ডিএফপি, ফোন-৮৩৩১০৩৪ এর সাথে যোগাযোগ করতে পারবেন)।

চতুর্থ ধাপ



ক্রোড়পত্র প্রকাশ করার পর সংশ্লিষ্ট পত্রিকার প্রকাশক/সম্পাদক পত্রিকার প্রয়োজনীয় সংখ্যক কপি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে অবগতির জন্য প্রেরণ করবেন।

পঞ্চম ধাপ



প্রকাশিত ক্রোড়পত্রের বিল সমন্বয়ের জন্য অনুমোদনপত্র, সংশ্লিষ্ট পত্রিকার কপি, অন্যান্য তথ্যাদিসহ ডিএফপিতে দাখিল করতে হবে।

২০/১০/২০২২
ড. ভেনিসা রজিঙ্গ
উপসচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার